

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১২ জুলাই, ২০২০ খৃস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয় : সংস্থার অফিসিয়েল কোয়ারেন্টাইন সেন্টার বাতিল এবং কোভিড-১৯ এর উপসর্গ বা আক্রান্ত হলে সেই কর্মীর দায়িত্ব পরিবার নেবে এবং এমএফ কর্মী ছাড়া কোন কর্মী অফিস রেসিডেন্স ব্যবহার করা থেকে বিরত থাকা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, সংস্থা কোভিড-১৯ এর উপসর্গ বা আক্রান্ত কর্মীদের নিয়ে কাজ করতে গিয়ে বেশ কিছু সমস্যার মুখোমুখি হচ্ছে। তাই নিম্নলিখিত নির্দেশনাসমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. ইতিপূর্বে সংস্থার বিভিন্ন অফিসকে কোভিড-১৯ এর জন্য কোয়ারেন্টাইন সেন্টার হিসেবে ঘোষণা করা হয়েছিল তা এ সার্কুলারের মাধ্যমে বাতিল করা হলো। অর্থাৎ সংস্থার কোন অফিসই এখন থেকে আর কোয়ারেন্টাইন সেন্টার হিসেবে ব্যবহৃত হবে না।
২. সংস্থার কোনো কর্মী কোভিড-১৯ এর লক্ষণ বা আক্রান্ত হলে পরিবার থেকে এক জন সদস্য এসে তাকে বাড়িতে নিয়ে যাবে। এখানে উল্লেখ্য যে, সংস্থার কোন কর্মী অসুস্থ কর্মীর দেখভালের দায়িত্ব নেবেন না। তিনি বাড়ি গিয়ে নিজ দায়িত্বে করোনা টেস্ট করাবেন। টেস্ট পজিটিভ হলে তিনি নিজ দায়িত্বে সরকারী স্বাস্থ্য কমপ্লেক্সকে রিপোর্ট করবেন।
৩. করোনার টেস্ট ও চিকিৎসা খরচ সংস্থা বহন করবে কিন্তু এর জন্য অফিস থেকে কোন অগ্রিম দেয়া হবে না। করোনার চিকিৎসা শেষ করে চিকিৎসা বিল জমা দেয়ার পর এগুলো কেন্দ্রীয় অফিস থেকে পূর্ণাঙ্গ তদন্ত সাপেক্ষে বিল প্রদান করা হবে।
৪. সংস্থার সকল অফিসের রেসিডেন্সে ক্ষুদ্র ঋণ কর্মসূচির কর্মী ছাড়া অন্য কেউ রেসিডেন্স হিসেবে ব্যবহার করতে পারবেন না। অফিসের সকল রেসিডেন্স গেস্ট হাউজ হিসেবে ব্যবহৃত হবে।
৫. প্রত্যেক অফিস প্রধান তার অধিনস্থ কর্মীদের এ নির্দেশনাসমূহ জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করেন তাও নিশ্চিত করবেন।
৬. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে কারো কোন দ্বিমত বা পরামর্শ থাকলে নিম্নে স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কর্তৃপক্ষ